

বিজ্ঞপ্তি

তারিখ: ১৫/১২/২০১৫

১। ১৪/১২/২০১৫ তারিখে দ্বাদশ শ্রেণির নির্বাচনী পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে। পরীক্ষার ফলাফল সংগ্রহের জন্য প্রত্যেক ছাত্রছাত্রীকে তাদের নিজ নিজ শ্রেণিশিক্ষকের সাথে যোগাযোগ করতে বলা হয়েছে।

২। উত্তীর্ণ ছাত্রছাত্রীদেরকে ১৭/১২/২০১৫ থেকে ২১/১২/২০১৫ তারিখের মধ্যে সকল পাওনা ও ফি পরিশোধ করার জন্য বলা হলো। বেতন ও ফি এর সকল বিবরণ কলেজ নোটিশবোর্ড ও ওয়েবসাইটে দেয়া হয়েছে। অনলাইন ফরম পূরণের চূড়ান্ত প্রিন্টআউটে ছাত্রছাত্রীদের স্বাক্ষরের জন্য ২৪/১২/২০১৫ তারিখ ১২:০০ ঘটিকায় নিজ নিজ শাখায় উপস্থিত থাকার জন্য বলা হলো।

৩। অনুত্তীর্ণ ছাত্রছাত্রীদেরকে ১৫/১২/১৫ তারিখে অভিভাবকসহ নিজ নিজ শ্রেণিশিক্ষকের সাথে দেখা করে অঙ্গীকারনামায় স্বাক্ষর করতে বলা হলো। অনুত্তীর্ণ ছাত্রছাত্রীদেরকে সংশ্লিষ্ট বিষয়ের অগ্রগতি মূল্যায়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। অগ্রগতি মূল্যায়ন পরীক্ষার ফলাফল ২৬/১২/২০১৫ তারিখ ১২:০০ ঘটিকায় প্রকাশ করা হবে। উক্ত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর বিলম্বফিসহ সকল পাওনা ২৭/১২/২০১৫ থেকে ৩০/১২/২০১৫ তারিখের মধ্যে পরিশোধ করতে হবে। এই সকল ছাত্রছাত্রীর অনলাইন ফরমপূরণের চূড়ান্ত প্রিন্টআউটে স্বাক্ষরের জন্য ১০/০১/২০১৬ তারিখ ১২:০০ ঘটিকায় নিজ নিজ শাখায় উপস্থিত থাকার জন্য বলা হলো।

৪। অগ্রগতি মূল্যায়ন পরীক্ষার সময়সূচি এবং পরীক্ষার ফি-এর বিবরণ কলেজ নোটিশবোর্ড ও ওয়েবসাইটে দেয়া হয়েছে।

-আদেশক্রমে

অধ্যক্ষ